



## সিলেটের কোম্পানীগঞ্জে সাদা পাথর চুরির ঘটনায় ইউপি চেয়ারম্যান ও স্থানীয় বিএনপি নেতা গ্রেপ্তার



সংগৃহীত ছবি

সিলেটের কোম্পানীগঞ্জে সাদা পাথর লুট ও বালু-পাথর চুরির মামলায় পূর্ব ইসলামপুর ২ নম্বর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, জেলা কৃষক দলের যুগ্ম আহ্বায়ক এবং কোম্পানীগঞ্জ উপজেলা বিএনপির স্থানীয় সরকারবিষয়ক সম্পাদক মো. আলমগীর আলমকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৪ আগস্ট) ভোর সাড়ে ৫টার দিকে উপজেলার নিজ বাসা থেকে তাকে আটক করা হয়।

কোম্পানীগঞ্জ থানার ওসি উজায়ের আল মাহমুদ আদনান জানান, গ্রেপ্তারকৃত চেয়ারম্যানের বিরুদ্ধে বালু-পাথর চুরির একটি মামলায় আদালতের গ্রেপ্তারি পরোয়ানা ছিল। পাশাপাশি সম্প্রতি আলোচিত সাদা পাথর লুটের ঘটনায় তার সম্পৃক্ততা আছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।

এদিকে, গ্রেপ্তারের আগের দিন বুধবার (১৩ আগস্ট) রাতে কোম্পানীগঞ্জ ও গোয়াইনঘাটে যৌথবাহিনীর বিশেষ অভিযানে প্রায় ১৩০টি পাথরবাহী ট্রাক জব্দ করা হয়। উদ্ধারকৃত প্রায় ১২ হাজার ঘনফুট সাদা পাথর পুনরায় আগের স্থানে ফিরিয়ে নেওয়ার কাজ চলছে।

এ ঘটনার পর হাইকোর্টে দায়ীদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নিতে রিট দায়ের করা হয়েছে। রিটে স্বরাষ্ট্রসচিব, পরিবেশ সচিব, আইজিপি, সিলেটের জেলা প্রশাসক, কোম্পানীগঞ্জের ইউএনওসহ ১০ জনকে বিবাদী করা হয়েছে। রিটে ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ চাওয়া হয়েছে।

পুলিশ বলছে, তদন্তের স্বার্থে চেয়ারম্যানকে আদালতে সোপর্দ করা হবে এবং মামলার অগ্রগতি অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।